

ফাউল কলেরা টিকা শাখা

শাখার সংক্ষিপ্ত পরিচিতি :

হাঁস-মুরগীর কলেরা গৃহ-পালিত ও বন্য পাখির একটি মারাত্মক সেপ্টিসেমিক রোগ। *Pasteurella multocida* Type A নামক ব্যাকটেরিয়া দ্বারা ফাউল কলেরা রোগ সৃষ্টি হয়। হাঁস, মুরগী, কোয়েল, টার্কিসহ অন্যান্য পোল্ট্রি পালন বৃদ্ধিকরে ডিম ও মাংস উৎপাদনের মাধ্যমে জাতীয় পুষ্টি চাহিদা পূরন করে জনস্বাস্থ্য উন্নয়ন ঘটানো সম্ভব হবে এবং পাশাপাশি কর্মসংস্থান তৈরীর সুযোগ হবে। পোল্ট্রির রোগ প্রতিরোধ বৃদ্ধির লক্ষ্যে ফাউল কলেরা টিকা উৎপাদনের বর্তমান লক্ষ্যমাত্রা ৭৫,০০,০০০ নির্ধারণ করা হয়েছে।

প্রতি টিকাবীজ ভায়ালে ১০০ মাত্রার টিকা থাকে এবং ১ সিসি করে চামড়ার নিচে দিতে হয়। বার্ড এর বয়স ৭৫ দিন বা তদুর্ধ্ব হতে হয়।

অত্র শাখায় জনবলের তথ্যাদিঃ অত্র শাখায় জনবলের ঘাটতি রয়েছে। পি এস ও পদ সহ ল্যাব টেকনিশিয়ান ও ল্যাব এটেন্ডেন্ট পদ দীর্ঘ সময় ধরে শূন্য আছে।

কার্যক্রমসমূহঃ

- ❖ নিয়মিত ল্যাব ও যন্ত্রপাতি পরিস্কার পরিচ্ছন্ন করা এবং ল্যাব বায়োসিকিউরিটি বজায় রাখা।
- ❖ ব্যাকটেরিয়াল কালচার পদ্ধতিতে ফাউল কলেরা টিকা উৎপাদন, মজুদ এবং যথাযথভাবে সংরক্ষণ করা।
- ❖ ওয়ার্কিং সীড তৈরী সহ সকল ধরনের সীড (মাস্টারসীডসহ) যথাযথভাবে সংরক্ষণ করা।
- ❖ কোয়ালিটি কন্ট্রোল অব ভেকসিনস এন্ড ড্রাগস সেকশন, মহাখালী, ঢাকা হতে লট অনুযায়ী টিকার গুণগত মানের রিপোর্ট সংগ্রহ করা।
- ❖ অটোফিলিং মেশিনের মাধ্যমে উৎপাদিত টিকা ফিলিং ও ক্যাপিং করা।
- ❖ উৎপাদিত টিকা লেবেলিং করা।
- ❖ বিভিন্ন জেলা, বিভাগসমূহে চাহিদা অনুযায়ী টিকা সরবরাহ করা।
- ❖ শাখার ষ্টোর ব্যবস্থাপনা করা।
- ❖ মাসিক প্রতিবেদন তৈরী করা।
- ❖ যন্ত্রপাতি তদারকি ও রক্ষনাবেক্ষণ করা।
- ❖ অকেজো/অমেরামতযোগ্য/অব্যবহৃত যন্ত্রপাতিসমূহ আলাদাভাবে সংরক্ষণ করা।
- ❖ কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক অন্যান্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা।

শাখা প্রধানের পদবীঃ

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

শাখার টেলিফোন নাম্বারঃ ০২২২২২৯৮৭২৭

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম ও পদবী	মোবাইল নং	মন্তব্য
--------------	--------------------------	-----------	---------

১	ডা. মাহিনুর বেগম মুক্তা, Dr. Mahinur Begum Mokta, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বা সমমান পদ, ফাউল কলেরা টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।	০১৯২২২৪৩৭৩৩	
২	ডা. তাপসী রানী দে, Dr. Taposhi Rani Dey, এস.ও, ফাউল কলেরা টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।	০১৭৩৭৭২৭৪৪৬	

Bacterial Culture in Blood Agar



FC Media in Bacteriological Incubator



Killed Bacteria by Formalin.



Vaccine Filling and Capping





